

এভাবে কে ডাকে লিরিক্স:-

এভাবে কে ডাকে,
এভাবে কে ডাকে?
হুম... এভাবে কে ডাকে?
সোনা কাঠি, রূপো কাঠির ছোঁয়ায়,
করলি এ কি? হারিয়েছি আমার,
ধোঁয়ায় ধোঁয়ায়।

এভাবে কে আঁকে?
দিনেরা রাত, রাতেরা দিন লাগে।
যেন ঘুমেরা নেই, নেইরে আমার ভাগে,
হয়নি আগে!

পৃথিবী থামেনা যেমন,
এ ছবি হোক সেরকম।
ভালোবাসি আয়, ভালোবাসি আয়,
মন আমার বেস্ত তোরই দুনিয়ায়।
কাছাকাছি আয়, কানামাছি আয়,
আমাদের গল্প জুড়ল এ হাওয়ায়।

ভালোবাসি আয়, ভালোবাসি আয়,
লেখা হোক মিষ্টি এক সে কবিতায়।
ভালোবাসি আয়, ভালোবাসি আয়,
তোকে ছাড়া বাঁচতে আর না পারা যায়।

এভাবে কে ডাকে? হুম...
এভাবে কে ডাকে?

তোর আসতে হলে দেরি,
হয়ে দিশেহারা ঘুরি।
এদিকে, মনের তরী ভীষণ তাড়ায়।
হব পথ ভোলা এক নাবীক,
তুই ঠিক করে দিবি দিক।
জানি ঝিনুক, মুক্ত, মানিক
তোকেই মানায়।
এভাবে কে ডাকে?
কোরাল মাদুর, উড়ান দিয়েই থাকে,
রোজ রুটিনের হাজার কাজের ফাঁকে,
চাইছি তোকে।

পৃথিবী থামেনা যেমন,
এ ছবি হোক সেরকম।
ভালোবাসি আয়, ভালোবাসি আয়,
মন আমার বেস্ত তোরই দুনিয়ায়।
কাছাকাছি আয়, কানামাছি আয়,
আমাদের গল্প জুড়ল এ হাওয়ায়

ভালোবাসি আয়, ভালোবাসি আয়,
লেখা হোক মিষ্টি এক সে কবিতায়।
ভালোবাসি আয়, ভালোবাসি আয়,

তেকে ছাড়া বাঁচতে আর না পারা যায়।
এভাবে কে ডাকে?...
এভাবে কে ডাকে?...